

এই বিধানগুলির মাধ্যমে প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়।

বিমূর্ততা—একটি স্বাধীন অবস্থান

শুভেন্দু দাশগুপ্ত

বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়।

বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়।

বিমূর্ততা একটা ধারণা এবং একটা অবস্থান। প্রকৃতি বিমূর্ততা বা মৃত্যুর কারণে জীবনকে রক্ষা করে দেয়। প্রকৃতি বিমূর্ততা একটা সামগ্রিকতা, একটা অখণ্ডতা। প্রকৃতি বিমূর্ততা একটা রচনা। এর নির্মাণের কোনো প্রকাশিত বিধি এবং বিধান নেই। পৃথিবী জীবনের আধার। জীবনের জন্ম ও বিকাশ পৃথিবীর পরিমণ্ডলে। জীবনের রূপ মানুষ ও প্রকৃতি। মানুষের জন্ম ও বিকাশ হয়। প্রকৃতিরও জন্ম ও বিকাশ হয়। মানুষ ও প্রকৃতি মিলে জীবন জগৎ।

জীবন জগৎ ও পৃথিবী পারস্পরিক সম্পর্কযুক্ত। জীবন জগতে মানুষ ও প্রকৃতি এই দুই উপাদান সম্পর্কযুক্ত। এই সম্পর্কের আদিম ও পরিশুদ্ধ রূপ বিমূর্ত।

জীবন জগতের যাত্রায় মানুষ ও প্রকৃতির সম্পর্ক রূপান্তরিত। সম্পর্কের ধারণা পরিবর্তিত।

সময়কালে এই সম্পর্ক উদ্দেশ্য স্বারা প্রয়োজন স্বারা স্বার্থ স্বারা নির্ধারিত এবং আকার প্রাপ্ত।

উদ্দেশ্য প্রয়োজন স্বার্থ ক্ষমতার বিষয়। ক্ষমতার বিমূর্ততায় সমস্যা, মূর্ততায় ভিত্তি।
মানুষ ও প্রকৃতি সর্বশ্রেষ্ঠ মূর্তধারণা নির্মাণে ক্ষমতার বিন্যাস। মূর্ততা একটি প্রকাশিত নির্মাণ। বর্গ প্রকাশিত নির্মাণের আকার। বর্গ অখণ্ডতাকে খণ্ডীকরণ। বর্গ-এ সর্বশ্রেষ্ঠ বিভাজ্যতায় ক্ষমতার স্বাস্থ্য।
যেমন প্রকৃতির খণ্ডরূপ নির্মাণ অরণ্য, বৃক্ষ, উদ্ভিদ, শস্য, খাদ্যশস্য, ভেষজ, প্রয়োজনীয় অরণ্য, প্রয়োজনীয় বৃক্ষ শিল্পের জন্য প্রয়োজনীয় অরণ্য, প্রয়োজনীয় বৃক্ষ শিল্প উন্নত দেশের শিল্পের স্বার্থ অনুযায়ী অরণ্য, স্বার্থ অনুযায়ী বৃক্ষ। শিল্প উন্নত দেশের উচ্চবিত্ত মানুষের স্বাদ অনুযায়ী উদ্ভিদ শিল্প উন্নত দেশের উচ্চবিত্ত মানুষের স্বাস্থ্যের প্রয়োজন অনুযায়ী উদ্ভিদ শিল্প উন্নত দেশের নির্দিষ্টকালীন প্রয়োজন অনুযায়ী বৃক্ষ একটি দেশের নীতি অনুযায়ী অরণ্য একটি দেশের একটি পরিকল্পনা অনুযায়ী অরণ্য এই স্বার্থ, প্রয়োজন, নীতি, পরিকল্পনা খণ্ডিত ধারণা। ক্ষমতা নির্ধারিত মূর্ত বিষয়। মানুষ প্রকৃতি সর্বশ্রেষ্ঠ সামগ্রিকতা সেখানে অনুপস্থিত। সেখানে মানুষের সামগ্রিক ধারণা মানব সমাজ অস্বীকৃত। সেখানে অরণ্য, বৃক্ষ, উদ্ভিদ, শস্যের সামগ্রিক ধারণা প্রকৃতি অস্বীকৃত। সামগ্রিক ধারণার অস্বীকৃতিতে মানব সমাজের পরাধীনতা প্রকৃতির পরাধীনতা। বিমূর্ততা থেকে মূর্ততার যাত্রা, সামগ্রিকতা থেকে খণ্ডিতর যাত্রা এখন অবাধ। এখন প্রয়োজন উদ্দেশ্য স্বার্থের প্রাধান্য। এই প্রক্রিয়ায় ক্ষমতার নিয়ম, নীতি, বিধান বিধি নির্মিত। এই নির্মাণ লিখিত, স্থায়ী, কাঠামোগত, ব্যবহারিক, প্রায়োগিক। অরণ্য আইন, জল ব্যবস্থা, বৃক্ষনীতি, সংরক্ষিত বনাঞ্চল, রপ্তানিযোগ্য খাদ্যশস্য এই সব নির্মাণ, ক্ষমতার নির্মাণ। মানুষ প্রকৃতি সর্বশ্রেষ্ঠ রাষ্ট্রীয় বিধান স্বারা সীমাবদ্ধ। প্রকৃতি মানুষ সর্বশ্রেষ্ঠ ক্ষমতার রূপ রাষ্ট্রের অনুপ্রবেশ। প্রকৃতি রাষ্ট্রীয় সম্পত্তি হিসাবে গ্রাহ্য। মানুষ রাষ্ট্রীয় বিষয় হিসাবে গৃহীত। মানুষের বর্গীকরণ, আদিবাসী, উপজাতি, রাষ্ট্রতালিকাভুক্ত, কৃষিজীবী, পার্বত্য অধিবাসী ইত্যাদি। এবং এই বর্গীকরণ রাষ্ট্রীয় পরিকল্পনা অনুযায়ী। এই বর্গীকরণে বিভাজ্য খণ্ডিত মানব সমাজের নির্দিষ্টতা অনুযায়ী প্রকৃতি সর্বশ্রেষ্ঠ নির্ধারিত। এই নির্ধারণ মূর্ত এবং প্রায়োগিক।

বর্গীকৃত প্রকৃতি ও বর্গীকৃত মানুষের ক্ষমতা নির্ধারিত সম্বন্ধে মানুষ পরাধীন, মানুষ প্রকৃতি সম্বন্ধে পরাধীন।

বিমূর্ততা থেকে মূর্ততায় যাত্রায়, মূর্ততার অবস্থানে পরাধীনতা, বিপরীতে বিমূর্ততায় স্বাধীনতা।

বিমূর্ততায় ক্ষমতার অস্বাস্থ্য। বর্গ নেই, আকার নেই। খণ্ড নেই, চিহ্ন নেই। ভিত্তিহীনতায় ক্ষমতা অবলম্বনহীন, ক্ষমতার অনুপস্থিতিতে স্বাধীনতা।

মূর্ততা থেকে বিমূর্ততায় যাত্রা, পরাধীনতা থেকে স্বাধীনতায় যাত্রা মানব সমাজের আকাঙ্ক্ষিত প্রকল্প।

মানুষ প্রকৃতি সম্বন্ধের বিমূর্ততায় মানব গোষ্ঠী স্রষ্টা, সৃষ্টি আনন্দময়, সৌন্দর্যময়। জ্ঞান গোষ্ঠীর সঞ্চার, বিকাশ মানব সমাজের।

মূর্ততায় ব্যক্তি অথবা সংস্থা স্রষ্টা, সৃষ্টি স্বার্থযুক্ত, নির্দিষ্ট উদ্দেশ্য প্রণোদিত, আনন্দহীন, সৌন্দর্যহীন, জ্ঞান ব্যক্তি অথবা সংস্থার সম্পত্তি। বিকাশ সীমাবদ্ধ বর্ণের।

বিমূর্ততা একটি স্বতঃস্ফূর্ত অপরিকল্পিত অবস্থান। একটি সাময়িক স্থানিক কালিক নির্মাণ। সেখানে দৃশ্যমান পরিকল্পিত বাস্তবতাকে অস্বীকার।

বাস্তবতা ক্ষমতার স্বার্থ উদ্দেশ্য ও প্রয়োজন অনুযায়ী আকারপ্রাপ্ত বিহরাগত।

বিমূর্ততায় কল্পিত বাস্তবতার তাৎক্ষণিক নির্মাণ ও বিসর্জন। বাস্তবতা অন্তস্থ আন্তরিক।

মানুষ প্রকৃতি সম্বন্ধের বিমূর্ততায় নির্মাণের ও বিসর্জনের স্বাধীনতা।

বিমূর্ততা এক স্বাধীন অবস্থান।

বিমূর্ততা এক অসীম ধারণা। □